ফোনঃ ৮১৮০০৩৬

# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
## পল্লী জীবিকায়ন প্রকল্প -২য় পর্যায়
প্রকল্প পরিচালকের কার্যালয়
"পল্লী ভবন"
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.rlp.brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯১১.০৬০.১১.১৩. ৬৬ www.eduresultbd.com তারিখঃ ২০-০১-২০১৬খ্রিঃ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন **'পল্লী জীবিকায়ন প্রকল্প-২য় পর্যায়'** প্রকল্পের অধীনে নিম্নবর্ণিত পদসমূহে সাকুল্য বেতনে প্রকল্প মেয়াদকালীনের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত পদের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন এবং বর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট হতে নিজ স্বাক্ষরযুক্ত (ওয়েবসাইটে প্রদত্ত ছকে) দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | সাকুল্য বেতন (জাতীয় বেতন স্কেল ২০১৫) | শিক্ষাগত যোগ্যতা | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ১ | উপজেলা প্রকল্প কর্মকর্তা | ৪৫ | ২২,০০০/- গ্রেড-৯ | কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা কৃষি, কৃষি অর্থনীতি, পশুপালন, ভেটেরিনারী (DVM) ও মৎস বিষয়ে স্নাতক ডিগ্রি অথবা পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন সংক্রান্ত কাজে ৬ বৎসরের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী । | সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ, কক্সবাজার ও চট্টগ্রাম জেলার প্রার্থীরা অগ্রাধিকার পাবে। |
| ২ | উপ প্রকল্প কর্মকর্তা | ২৪ | ১৬,০০০/- গ্রেড-১০ | কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রী অথবা পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনমূলক প্রকল্পের কাজে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী। | ঐ |

শর্তাবলীঃ www.eduresultbd.com

১। আবেদনকারীকে বাংলায় নিজের নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, নিজ জেলা, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ২০-০১-২০১৬ তারিখে বয়স, শিক্ষাগত যোগ্যাতা, জাতীয়তা, বৈবাহিক অবস্থা, ধর্ম, অভিজ্ঞতা এবং সংযুক্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, তারিখ ও ইস্যুকারী ব্যাংকের নাম ইত্যাদি উল্লেখপূর্বক চাকরির আবেদন ফরমে (নির্ধারিত ছকে) নিজ স্বাক্ষরযুক্ত আবেদন করতে হবে।

২। ২০-০১-২০১৬ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসাবে প্রার্থীকে চাকরির আবেদন পত্রের সাথে (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতা/পিতামহ/মাতামহ) মুক্তিযোদ্ধা'র সনদ পত্রের সরকারী নির্দেশ অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতি স্বাক্ষরিত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা'র পুত্র/কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। সেক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক শারীরিক প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। পজীপ-২য় পর্যায় এ কর্মরত বিভাগীয় প্রার্থী এবং বিআরডিবি সহ একই ধরণের অন্যান্য উন্নয়ন প্রকল্পের কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

৩। আবেদনপত্রের খামের উপর প্রার্থিত পদের নাম, নিজ জেলা ও বিশেষ কোটা (যদি থাকে) স্পষ্ট করে উল্লেখ করতে হবে।

৪। **আবেদনপত্রের সাথে ঃ** (ক) বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষায় মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি; (খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি; (গ) সদ্য তোলা পাসপোর্ট আকারের ৪ (চার) কপি সত্যায়িত ছবি; (ঘ) প্রার্থীর স্থায়ী ঠিকানা সমর্থনে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র অথবা কাউন্সিলর/সিটি কর্পোরেশনের কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি; (ঙ) প্রথম শ্রেণীর কর্মকর্তার নিকট থেকে চারিত্রিক সনদপত্রের মূলকপি; এবং (চ) অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে। সংযুক্ত সকল সনদের অনুলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম সম্বলীত সীলসহ) কর্তৃক সত্যায়িত হতে হবে।

-২-

৫। আবেদনপত্রের সাথে ৫০০/- (পাঁচশত) টাকা ব্যাংক ড্রাফট/পেঅর্ডার (অফেরতযোগ্য) যে কোন তফসিলি ব্যাংকের যে কোন শাখা হতে **প্রকল্প পরিচালক, 'পল্লী জীবিকায়ন প্রকল্প- ২য় পর্যায়'** বরাবর উল্লেখ করে সংযুক্ত করতে হবে।

৬। নিয়োগের ক্ষেত্রে সরকারি বিদ্যমান বিধি-বিধান ও নীতিমালা এবং কোটা পদ্ধতি অনুসরণ করা হবে। উন্নয়ন প্রকল্পের জনবলের ক্ষেত্রে সরকারি সিদ্ধান্ত মোতাবেক ৮ম জাতীয় বেতন স্কেল/২০১৫ বিধি মোতাবেক অন্যান্য ভাতাদিসহ বাস্তবায়িত হবে।

৭। চাকরিরত প্রার্থীদের স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে, তবে মূল আবেদনপত্র নির্ধারিত তারিখ অর্থাৎ ০৭-০২-২০১৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌছাতে হবে।

৮। মুক্তিযোদ্ধার পোষ্য, উপজাতি বা অন্যকোন কোটায় প্রার্থী হলে বিস্তারিত বিবরণ ও প্রমাণক সংযুক্ত করতে হবে।

৯। ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে এবং আবেদনপত্রে কোনো তথ্য গোপন করা হলে বা ভুল প্রমাণিত হলে পরবর্তীতে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। সঠিক ঠিকানায় প্রবেদশপত্র প্রেরণ নিশ্চিত করার স্বার্থে আবেদনকারী বর্তমান যোগাযোগের ঠিকানা (Mailing address) সম্বলিত ৯"x৪" মাপের অতিরিক্ত একটি খাম আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।

১১। পরীক্ষার স্থান, তারিখ ও সময় ইন্টারভিউ কার্ড পজীপ-২য় পর্যায়, ওয়েবসাইটঃ www.rlp.brdb.gov.bd এর মাধ্যমে অবহিত করা হবে। লিখিত/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে)/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। www.eduresultbd.com

১২। আবেদনকারীকে উপরোল্লিখিত শর্তাদি পূরণ সাপেক্ষে **আগামী ০৭-০২-২০১৬ তারিখ** অফিস সময়ের মধ্যে **প্রকল্প পরিচালক, 'পল্লী জীবিকায়ন প্রকল্প- ২য় পর্যায়', বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, পল্লী ভবন (৭ম তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫** বরাবরে সকল কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১৩। অত্র বিজ্ঞপ্তি এবং নির্ধারিত আবেদন ফরম বিআরডিবি'র ওয়েবসাইট (**www.brdb.gov.bd**) এবং পল্লী জীবিকায়ন প্রকল্পের ওয়েবসাটে (**www.rlp.brdb.gov.bd**) পাওয়া যাবে।

১৪। আবেদনপত্রে যাচিত কোনো তথ্য/কাগজপত্র সঠিক পাওয়া না গেলে তার আবেদন বাতিল করা হবে এবং কোনো প্রবেশপত্র ইস্যু করা হবে না।

১৫। জনস্বার্থে সরকারি সিদ্ধান্ত অনুযায়ী বিজ্ঞপ্তি পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১৬। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২০/১/১৬

(মো. আবদুল হামিদ সরকার)
প্রকল্প পরিচালক
পল্লী জীবিকায়ন প্রকল্প - ২য় পর্যায়
বিআরডিবি, ঢাকা।

(সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজ তিন কপি ছবি)

# চাকরির আবেদন ফরম

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | | | | তারিখ: | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | | ৬. জন্মস্থান (জেলা): | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | | দিন | |
| ৮. | মাতার নাম: | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | |
| ১০. | ঠিকানা: | বর্তমান | | স্থায়ী | | |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | | | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | | | | |
| | ডাকঘর: | | | | | |
| | পোস্টকোড নম্বর: | | | | | |
| | উপজেলা: | | | | | |
| | জেলা: | | | | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর | | ই-মেইল (যদি থাকে) | | |
| ১২. | জাতীয়তা: | | ১৩. | জেন্ডার: | | |
| ১৪. | ধর্ম: | | ১৫. | পেশা: | | |
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী | | |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): | | |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | | | তারিখ: | | |
| | ব্যাংক ও শাখার নাম: | | | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ: প্রার্থীর স্বাক্ষর

D:Recruitment,/Advertisement,11